

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা-১২১৭।

মুজিববর্ষের উপহার
দুদ্র অর্থাগনে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার

এমআরএ/সার্কুলার লেটার নং-৬২

তারিখ: ০৮ আষাঢ় ১৪২৭
২২ জুন ২০২১

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান।

বিষয়ঃ ঋণ/অগ্রীম শ্রেণীকরণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অথরিটির ২৩ ডিসেম্বর, ২০২০ এর এমআরএ/সার্কুলার লেটার নং-৫৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত সার্কুলারে করোনা ভাইরাসজনিত কারণে ক্ষতিগ্রস্ত গ্রাহকদের নিকট হতে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের ঋণ আদায় স্বগতি/হাস পাওয়ায় ঋণক্ষয় সক্ষমতা হিসাবায়নে ঋণের শ্রেণীমান নিয়ম/বিরূপ না করা এবং বিদ্যমান ঋণক্ষয় সক্ষমতার সাথে ঋণস্থিতির (আসলের) ১% অতিরিক্ত ঋণক্ষয় সক্ষমতা সংরক্ষণের নির্দেশনা দেয়া হয়। করোনা ভাইরাসের প্রভাব বর্তমানেও বিরাজমান থাকায় উক্ত সার্কুলারের ধারাবাহিকতায় নিম্নরূপভাবে ঋণের শ্রেণীমান নির্ধারণ ও ঋণক্ষয় সক্ষমতা হিসাবায়নের সিদ্ধান্ত গৃহীত হলোঃ

(ক) ০১ জানুয়ারি, ২০২১ তারিখে ঋণের মান যা ছিল ৩০ জুন, ২০২১ পর্যন্ত উক্ত ঋণ তদাপেক্ষা বিরূপমানে শ্রেণীকরণ করা যাবে না; তবে কোন ঋণের শ্রেণীমানের উন্নতি হলে তা বিদ্যমান নিয়মানুযায়ী শ্রেণীকরণ করা যাবে;

(খ) দফা "ক" অনুযায়ী হিসাবায়নকৃত ঋণক্ষয় সক্ষমতার সাথে ৩০ জুন, ২০২১ ও ৩১ ডিসেম্বর, ২০২০ এর ঋণস্থিতির (আসল) পার্থক্যের উপর ১% অতিরিক্ত ঋণক্ষয় সক্ষমতা সংরক্ষণ করতে হবে। উদাহরণ: কোন প্রতিষ্ঠানের ৩১, ডিসেম্বর ২০২০ ভিত্তিক ঋণস্থিতি (আসল) ১০০.০০ কোটি টাকা এবং ঋণক্ষয় সক্ষমতা ৬.০০ কোটি টাকা (শ্রেণীমান অনুযায়ী নির্ধারিত ৫.০০ কোটি টাকা + ১০০.০০ কোটি টাকার ১% = ১.০০ কোটি টাকা)। ৩০ জুন, ২০২১ এ উক্ত প্রতিষ্ঠানের ঋণস্থিতি বেড়ে ১২০.০০ কোটি টাকা হলে সেক্ষেত্রে ৩০ জুন, ২০২১ এ ঋণক্ষয় সক্ষমতা হবে ৬.০০ কোটি ২০.০০ লক্ষ টাকা। যেখানে দফা "ক" অনুযায়ী ৩০ জুন, ২০২১ এ ঋণক্ষয় সক্ষমতা ৬.০০ কোটি (ঋণের শ্রেণীমান পরিবর্তন হয়নি বিবেচনায়) + (১২০.০০-১০০.০০=২০.০০ কোটি এর ১% = ২০ লক্ষ টাকা)। প্রসঙ্গত: উল্লেখ্য, কোন প্রতিষ্ঠানের ঋণস্থিতি ৩১ ডিসেম্বর, ২০২০ এর তুলনায় ৩০ জুন, ২০২১ এ হাস পেলে সেক্ষেত্রে অতিরিক্ত ঋণক্ষয় সক্ষমতা সংরক্ষণের প্রয়োজন হবে না।

৩। বিষয়টি অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ ইয়াকুব হোসেন)
পরিচালক
ফোনঃ ৪৮৩১৫৭১৫

নম্বর-৫৩.০৪.০০০০.২১.২২.০০৩.২১- ২২৭৬ (৭৪৬)(৭)

তারিখঃ ০৮ আষাঢ় ১৪২৭
২২ জুন ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৫. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইন্টারন্যাশনাল রোড, ঢাকা।
৭. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।


২২.০৬.২০২১
(রেনজিত কুমার সরকার)
উপপরিচালক
ফোন : ৫৮৩১৭২৮১